একজন মানুষও না খেয়ে থাকবে না: হানিফ

বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবু্বউল আলম হানিফ এমপি বলেছেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যতদিন থাকবেন একজন মানুষও না খেয়ে থাকবে না। কাউকে খাবারের কষ্টে থাকতে হবে না। কুষ্টিয়া জেলা প্রশাসনের আয়োজনে

বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া জিলা স্কুল মাঠে করোনাকালীন দুঃসময়ে অসহায় দুঃস্থদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার খাদ্য সামগ্রী বিতরণ অনুষ্ঠানে যোগ দেওয়ার আগে একথা বলেন তিনি।

মাহবু্বউল আলম হানিফ বলেন, প্রধানমন্ত্রীর উপহার নিয়ে এসেছি কুষ্টিয়ার শহর এবং গ্রামের কর্মহীন হয়ে পড়া জনগোষ্ঠীর মাঝে।

আওয়ামী লীগের এই নেতা আরও বলেন, যতদিন করোনাকালীন এই দুর্যোগ থাকবে ততদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা খাদ্য এবং আর্থিক সহায়তা অব্যাহত রাখবেন।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলামের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মোঃ খাইরুল আলম, জেলা পরিষদ চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, স্থানীয় সরকারের উপপরিচালক (ডিডিএলজি) মৃনাল কান্তি দে, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আজগর আলী, সদর উপজেলা চেয়ারম্যান আতাউর রহমান আতা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সিরাজুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) সাধন কুমার পাল, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক প্রকৌশলী ফারুক উজ্জামান, সাংগঠনিক সম্পাদক আমজাদ হোসেন রাজু, কোষাধ্যক্ষ অজয় সুরেকা।

আড়াই হাজার নারী পুরুষের মাঝে এই খাদ্য সরবরাহ করেন।

মেহেরপুরে ইসলামী ব্যাংক এর উদ্যোগে ত্রাণ বিতরণ

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ত্রাণ সামগ্রী বিতরণ করা হয়েছে।

পল্লী উন্নয়ন প্রকল্পের আওতাধীন করোনা ভাইরাস সংক্রমণ জনিত কারণে ক্ষতিগ্রস্থ ও অসহায় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে ত্রাণ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

দেশে চলমান করোনাভাইরাস সংকট মোকাবেলায় ব্যাংক সমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কার্যক্রমের আওতায় ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর শাখার উদ্যোগে বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে ত্রাণ বিতরণ করা হয়।

মেহেরপুর ব্যাংকের শাখা প্রধান ও অ্যাসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান।

এসময় উপস্থিত ক্ষতিগ্রস্থদের মাঝে চাল, ডাল, আলু, পিয়াজ, রসুন, তেল, মশলা, মাস্ক ও নগদ অর্থ সহ বিভিন্ন ভোগ্যপণ্য বিতরণ করা হয়।

এ সময় ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মেহেরপুর শাখার ম্যানাজার অপারেশন মাসুদ করিমসহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

মাওলানা আনছার উদ্দিন বেলালীর

ইন্তেকাল

মেহেরপুর দারুল উলুম আহমদিয়া মাদ্রাসার সাবেক ভাইস প্রিন্সিপাল,মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি ও কোর্ট মসজিদের ইমাম মাওলানা আনছার উদ্দিন বেলালী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ বৃহস্পতিবার ভোর সোয়া চারটার সময় রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। মরহুমের জানাযা ও দাফনের সময় এখনো জানা যায়নি।

মেহেরপুরে হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকীতে দোয়া মাহফিল

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা হুসেইন মোহাম্মদ এরশাদ এর ২য় মৃত্যুবার্ষিকী উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক মোঃ সুমন পারভেজ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব, আব্দুল হাদী।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য আব্দুল মান্নান, আনছারুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা জাতীয় পার্টির সভাপতি আরিফ বিল্লাহ, সদর উপজেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক মিঠু আহাম্মেদ সহ উপস্থিত ছিলেন জেলা এবং উপজেলা পর্যায়ে

জাতীয় পার্টির বিভিন্ন নেতাকর্মীরা।

এই অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন জেলা জাতীয় পার্টির সদস্য হাবিবুর রহমান ও হামিদুল ইসলাম।

ঝিনাইদহে যুবলীগের উদ্যোগে করোনা টিকার ফ্রি-রেজিস্ট্রেশন শুরু

মহামারী করোনা ভাইরাস রোধে আবারো সারাদেশের ন্যায় ঝিনাইদহে শুরু হয়েছে গণটিকাদান। টিকাগ্রহণকারী সর্বস্তুরের মানুষকে উদ্বুর্দ্ধ করতে ও তাদের হয়রানি কমাতে ঝিনাইদহে টিকার ফ্রি-রেজিস্ট্রেশন শুরু করেছে যুবলীগ।

কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে বুধবার সকালে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ কর্মসূচীর উদ্বোধন করেন কেন্দ্রীয় যুবলীগের যুগ্ম সম্পাদক সুব্রত পাল। এসময় উপস্থিত ছিলেন সাংগঠনিক সম্পাদক শামীম আল সাইফুল সোহাগ, প্রচার সম্পাদক জয়দেব নন্দীসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

অপরদিকে ঝিনাইদহ জেলা যুবলীগের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত কর্মসূচীতে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল, রাজু আহম্মেদ, সদর থানা যুবলীগের আহ্বায়ক শাহ মো: ইব্রাহিম খলিল রাজাসহ অন্যান্যারা। এসময় আয়োজকরা জানান, জেলা শহরের ১০ টি স্থানে টিকা গ্রহণকারীদের ফ্রি-রেজিস্ট্রেশন করা হচ্ছে। আগামী ১ সপ্তাহ চলবে এই কর্মসূচী।

কার্পাসডাঙ্গায় অবৈধ দোকান উচ্ছেদে তিন দিনের আল্টিমেটাম! ভ্রাম্যমান আদালতের জরিমানা

দামুড়হুদার কার্পাসডাঙ্গা বাজারে সরকারি নির্দেশনা অমান্য করেই চলেছে অবৈধভাবে দোকানঘর নির্মাণ। দোকান ঘর উচ্ছেদে তিন দিনের আল্টিমেটাম ভ্রাম্যমান আদালতের ১৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বুধবার বেলা ৩ টা সময় অভিযান পরিচালনা করেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ। দামুড়হুদার কার্পাসডাঙ্গা ব্রীজ মোড় বাজারে অবস্থিত সরকারি ১ নং খতিয়ানের খাস জমিতে অবৈধভাবে দোকান নির্মাণ এর দায়ে ফার্নিচারের দোকান মালিক জিয়া শেখকে ৫ হাজার টাকা, ফার্মেসি মালিক ইব্রাহিম কে ৫ হাজার টাকা জরিমানা করে ভ্রাম্যমান আদালতর। এছাড়াও দুই দোকানদার খবর পেয়ে দোকান বন্ধ করে দ্রুত সটকে পড়ে ।

কার্পাসডাঙ্গা সাইকেল বাজারে অবস্থিত আরো অসংখ্য দোকান আছে পাকা আধাপাকা যেগুলো বন্ধ থাকার কারণে পদক্ষেপ নিতে পারেনি ভ্রাম্যমাণ আদালত। এলাকাবাসি বলেন প্রায়ই স্থানীয় পত্র পত্রিকায় দেখি এই কার্পাসডাঙ্গা বাজার কে ঘিরে সরকারি খাস জমিতে অসংখ্য অবৈধ পাকা দোকানঘর নির্মাণ করতে এবং মাঝেমধ্যে প্রশাসন অভিযান চালালেও এসব ভূমিদস্যুরা প্রভাবশালী হয়ওয়া এলাকায়বাসি বলছে চতুরতার সাথে প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে দোকান ঘর নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছে, দেখা য়ায় স্থানীয় প্রশাসনকে অভিযান চালাতে এখন পর্যন্ত সুনির্দিষ্টভাবে অবৈধ দখলদারদের কে দূর করতে সক্ষম হয়নি উপজেলা প্রশাসন এমনই বক্তব্য স্থানীয় ব্যবসায়ীদের।
স্থানীয় ব্যবসায়ীরা আরো জানায় বাজারের জন্য সরকারি যে জায়গা আছে, সেখানে স্থানীয় প্রভাবশালী ব্যবসায়ীরা এক এক জনে পাঁচ থেকে দশটা করে পাকা দোকান করে বিভিন্ন ব্যাবসায়ীর কাছে বিক্রি করেছে।

স্থানীয় সচেতন মহলের দাবি, প্রশাসন এমন অভিযান অব্যাহত রাখলে হয়তো একসময় এসকল ভূমিদস্যুর হাত থেকে রক্ষা পাবে ঐতিহ্যবাহী কার্পাসডাঙ্গা বাজার। আমাদের প্রত্যাশা জেলা প্রশাসন থেকে শুরু করে উপজেলা প্রশাসন নিশ্চয়ই এটার সঠিক তদন্ত করে অবৈধ ভাবে

সরকারি জমি দখল করে যারা দোকান নির্মাণ করেছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।

এসময় উপজেলা সহকারী কমিশনার ভূমি ও এক্সিকিউটিম ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ জানায়, জেলা প্রশাসনের অনুমতি ব্যতিত যে কয়েকটি দোকান অবৈধভাবে স্থাপন করা হয়েছে -সেগুলো আগামী ৩ দিনের মধ্যে সরিয়ে না নিলে পরবর্তীতে ১৯৭০ আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ কর হবে বিধি (৭)শাস্তি -২ বছরের কারাদণ্ড বিধি (৮)বাজেয়াপ্ত - সমুদয় দোকান ও সম্পত্তি বাজেয়াপ্ত করা যেতে পারে।

অক্সিজেনের অভাবে কাউকে মরতে দেবোনা- এমপি হানিফ

বাংলাদেশ আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মাহবুব উল আলম হানিফ ভাই এমপি বলেছেন, অক্সিজেনের অভাবে কোন রুগীর যেন মৃত্যু না ঘটে। একজন ব্যক্তিও যেন বিনা চিকিৎসায় না মরে। সেদিকে তৎপর থাকতে হবে।

বুধবার দুপুরে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আয়োজনে করোনা সংকটে-মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মাহবুব উল আলম হানিফ এমপি আরও বলেন, শতভাগ স্বাস্থবিধি মানতে হবে। জীবিকার চেয়ে জীবনের মুল্য অনেক বেশী এই বোধ সাধারন মানুষের মাঝে সৃষ্টি করতে হবে।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্বাবধায়ক ডাঃ আব্দুল মোমেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন কুষ্টিয়া-৪ খোকসা কুমারখালি আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ, জেলা প্রশাসক সাইদুল ইসলাম, পু্লশি সুপার খাইরুল আলম, জেলা পরিষদ চেয়ারম্যান হাজী রবিউল ইসলাম, সিভিল সার্জন ডাঃ এইচ এম আনোয়ারুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজগর আলী, সদর উপজেলা চেয়ারম্যান আতাউর রহমান আতা, বিএমএ’র সভাপতি ডাঃ এস এম

মুস্তানজিদ প্রমুখ। যাদেরকে অভিযান চলাকালীন সময়ে পাওয়া গেছে তাদেরকে নির্দিষ্ট একটা টাইম দেওয়া হয়েছে এর মধ্যে দোকান সরিয়ে নিতে অন্যথায় কঠোর পদক্ষেপ নেওয়া হবে এবং এ অভিযান অব্যাহত থাকবে।এসময় সহযোগিতা করেন কার্পাসডাঙ্গার পুলিশ ফাঁড়ি। ও বিজিবি সদস্যরা প্রমুখ।

কুষ্টিয়ায় কিশোরীর মরদেহ উদ্ধার

কুষ্টিয়ায় ফাতেমা খাতুন (১৪) নামের নবম শ্রেণীর পড়ুয়া এক কিশোরীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার বিকেলে মিরপুর উপজেলার ভাঙ্গা বটতলা এলাকার শহীদুল ঠাকুরের ইট ভাটার পাশের একটি ভুট্রা ক্ষেত থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

নিহত ফাতেমা মিরপুর পৌরসভার ৪ নং ওয়ার্ডের সাইফুল ইসলামের মেয়ে। মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি গোলাম মোস্তফা জানান, বিকেলে ভুট্টা ক্ষেতে তরুণীর মরদেহ দেখতে পেয়ে পুলিশে খবর দেয়।

ঘটনাস্থলে গিয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে কেন এবং কিভাবে এ হত্যাকান্ড ঘটেছে এ বিষয়ে পুলিশ খতিয়ে দেখছে বলেও জানান। এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কুষ্টিয়ার পুলিশ সুপার (এসপি) খাইরুল আলম।

কুষ্টিয়া ইউ,এস,এ ইনক’র

সহযোগিতায় ৬ উপজেলায় অক্সিজেন সিলিন্ডার বিতরণ

করোনা মহামারির কারণে অক্সিজেন সংকট নিরসনে কুষ্টিয়ার বিভিন্ন উপজেলার করোনা রোগীদের জন্য ৩০টি অক্সিজেন সিলিন্ডার সেট দিয়েছে কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক। একই সাথে হ্যান্ড সেনিটাইজার, সার্জিক্যাল মাস্ক, হ্যান্ড গ্লাভস ও সেভ গার্ড বিতরণ করা হয়। বুধবার দুপুরে এক অনুষ্ঠানে জেলার বিভিন্ন উপজেলার প্রতিনিধির কাছে এগুলো হস্তান্তর করা হয়।

করোনাকালীন সময়ে কুষ্টিয়াবাসীর পাশে প্রবাস থেকে জনস্বার্থে “আমরা আছি সবসময়” এ স্লোগানকে সামনে রেখে
কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক এর সংগঠনদের সৌজন্যে অক্সিজেন সিলিন্ডার সহ এসব সরঞ্জাম বিতরণ করা হয়।

অনুষ্ঠানে কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক এর প্রতিনিধি মোমিনুল ইসলাম, হারুন অর রশীদ হিরু, কুমারখালী, খোকসা, মিরপুর, ভেড়ামারা ও দৌলতপুর উপজেলার প্রতিনিধিরা সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক এর সভাপতি আবু মুসা জানান, করোনার এ সংকটের মুহুর্তের এ সময়েও সামাজিক দায়বদ্ধতা ও কর্তব্যবোধের জায়গা থেকে কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক মানুষের পাশে থেকেছে। এরই ধারাবাহিকতায় আজকে অক্সিজেন সিলিন্ডার বিতরণ করা হচ্ছে। এ কার্যক্রম এখানেই শেষ নয়। সংগঠনের পক্ষ থেকে যতটা সম্ভব করা হবে।

কুষ্টিয়া জিলা সমিতি ইউ,এস,এ ইনক এর সাধারণ সম্পাদক আসাদুজ্জামান জানান,
আমরা যারা কুষ্টিয়ার মানুষ এই নিউইয়ার্কে অবস্থান করছি আমরা এই সংগঠনের মাধ্যমে সামাজিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত রাখি পাশাপাশি সব সময় দেশের সব ধরনের দুর্যোগে পাশে থেকেছি, আছি এবং থাকবো।

তিনি আরও জানান, দেশে প্রায় দেড় বছর ধরে করোনার সংকট চলছে। সম্প্রতি কুষ্টিয়ায় করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা বেড়েছে, গ্রামেও ছড়িয়ে পড়েছে এই মহামারী করোনাভাইরাস। অনেক রোগী মারা

যাচ্ছে, অক্সিজেনের সংকট দেখা দিয়েছে। আমরা আমাদের সাধ্যমত জেলার প্রত্যন্ত অঞ্চলে অক্সিজেন সিলিন্ডারগুলো পৌঁছে দিচ্ছি। যাতে করে তাৎক্ষণিকভাবে করোনায় আক্রান্ত রোগীর অক্সিজেন সঞ্চালনের মাধ্যমে অন্ততপক্ষে হাসপাতাল পর্যন্ত পৌঁছাতে পারে। আমাদের এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

কোটচাঁদপুর ফাউন্ডেশনের উদ্যোগে স্বাস্থ্যকমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনায় আক্রান্ত মুমূর্ষ রোগীদের চিকিৎসা সেবায় অক্সিজেনের জরুরী প্রয়োজন মেটাতে কোটচাঁদপুর ফাউন্ডেশনের উদ্যোগে অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে।

“অক্সিজেনের অভাবে ঝরেনা যেন একটি প্রাণ” এই প্রতিপাদ্য নিয়ে বুধবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মানবতার দেয়ালে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের নিকট ফাউন্ডেশনের পক্ষ থেকে ৪টি অক্সিজেন সিলিন্ডার হস্তান্তর করা হয়।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, মহামারীর এই সংকটে ‘‘আপনার যা প্রয়োজন নেই, তা রেখে যান ,আপনার যা প্রয়োজন তা নিয়ে যান” এই শ্লোগান নিয়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মানবতার দেয়াল স্থাপন করা হয়।

করোনায় আক্রান্ত আইসোলেশনে চিকিৎসা সেবা নেওয়া মুমূর্ষ রোগীদের জন্য অক্সিজেন খুবই জরুরী। এই সংকটাপূর্ণ পরিস্থিতে বিভিন্ন ব্যক্তি ও সংগঠনের উদ্যেগে অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করে যে মানবিক সহায়তা করা হচ্ছে, মহামারী করোনা চিকিৎসা সেবায় তা গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মোঃ ফারুক

হুসাইন, গাইনী কনসালটেন্ট ডাঃ আয়েশা আক্তার, ফাউন্ডেশনের সদস্য রুহুল আমিন, মিলন সহ সাংবাদিক এস.এম রায়হান উদ্দীন প্রমূখ।